যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি
অঙ্গ প্রতিষ্ঠান)
আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
মানব সম্পদ ডিভিশন

নম্বর: ২৮.২৪.০০০০.০০৫.১৮.০০১.১৯.১৭২

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭
২৯ মে ২০২০

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮; তারিখ: ২৮ মে ২০২০ (সংযুক্তি-১) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক কর্তৃপক্ষের সিদ্ধান্ত নিম্নরূপ:

১। করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ৩১ মে ২০২০ থেকে ১৫ জুন ২০২০ পর্যন্ত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলী এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ৫, ৬, ১২ ও ১৩ জুন ২০২০ সাপ্তাহিক ছুটি এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে।

২। উক্ত নিষেধাজ্ঞা-কালীন কোম্পানির সকল অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী এবং সন্তান-সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন। এ ক্ষেত্রে কর্মকর্তা, শ্রমিক-কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ কোম্পানি কর্তৃক জারীকৃত ১৩দফা নির্দেশনা (সংযুক্তি-২) কঠোরভাবে অনুসরণ করতে হবে।

৩। উক্ত নিষেধাজ্ঞা-কালীন কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীগণ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

৪। এ ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কর্মকর্তা, শ্রমিক-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য মানব সম্পদ বিভাগ থেকে জারিকৃত ১৩ দফা নির্দেশনা প্রযোজ্য ক্ষেত্রে কঠোরভাবে অনুসরণ করতে হবে।

২৯-৫-২০২০
মোঃ মাসুদ করিম
উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ)

নম্বর:
২৮.২৪.০০০০.০০৫.১৮.০০১.১৯.১৭২/১(৪০)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭
২৯ মে ২০২০

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) ব্যবস্থাপনা পরিচালক - আপনার সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।
২) মহাব্যবস্থাপক: (বিপণন/পরিচালন)

৩) উপমহাব্যবস্থাপক: (পরিচালন/বিক্রয়/মানব-সম্পদ/আইটি/ডিএলও)/প্র:ও উ:/অর্থ/হিসাব/ সহকারী মহাব্যবস্থাপক (নিরীক্ষা)
৪) সহকারী মহাব্যবস্থাপক (প্রধান স্থাপনা) ইনচার্জ, চট্টগ্রাম।
৫) সহকারী মহাব্যবস্থাপক (ডিপো পরিচালন), পরিচালন বিভাগ
৬) ডিপো প্রধান (সকল): (ফতুল্লা/ভৈরব বাজার/দৌলতপুর/ বাঘাবাড়ী/বরিশাল/সিলেট/ঝালকাঠি/ চাঁদপুর/রংপুর/সাচনা বাজার/পার্বতীপুর/ শ্রীমঙ্গল/নাটোর/রাজশাহী/চিলমারী)
৭) বিভাগীয়, বিক্রয় অফিস প্রধান: (ঢাকা/চট্টগ্রাম/বগুড়া/খুলনা)ও (রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা)
৮) সভাপতি/সাধারাণ সম্পাদক, যমুনা অয়েল কোম্পানী লেবার ইউনিয়ন (সিবিএ)।

২৯-৫-২০২০
হনুফা আক্তার
ঊর্ধ্বতন কর্মকর্তা (গোপনীয়)